দৈনিক
জনকণ্ঠ

তারিখ 27 FEB 2018
পৃষ্ঠা ২০ কলাম ২

# শর্ত পূরণ না করায় ১২ বেসরকারী ভার্সিটিতে ভর্তি বন্ধ

স্টাফ রিপোর্টার ॥ দফায় দফায় সময় দেয়ার পরেও স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠাসহ ন্যূনতম শর্ত পূরণ না করায় এবার অভিযুক্ত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে কঠোর অবস্থানে যাচ্ছে সরকার। কয়েক দফা সময় দেয়ার পরেও যেসব বেসরকারী বিশ্ববিদ্যালয় শর্ত পূরণ করেনি এমন ১২টি প্রতিষ্ঠানে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এছাড়া ৩২ বিশ্ববিদ্যালয়কে হিসাব না দেয়াসহ নানা ইস্যুতে শোকজ করা হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের বিশ্ববিদ্যালয়

## কঠোর অবস্থানে সরকার

শাখার কর্মকর্তারা বলেছেন, ইতোমধ্যেই শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের

(১৯ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## শর্ত পূরণ

(২০-এর পৃষ্ঠার পর)

উচ্চ পর্যায়ের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। বৈঠক নিয়ে শিক্ষা সচিব সোহরাব হোসাইন বলেছেন, দেশের পুরনো ৫১টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৯টি স্থায়ী ক্যাম্পাসে তাদের কার্যক্রম পরিচালনা করছে। কিন্তু বাকি ৩২টির মধ্যে ১২টি ন্যূনতম কোনও উদ্যোগ নেয়নি। ওইসব বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে এই কঠোর সিদ্ধান্ত নেয়ার আগে তাদের কাছ থেকে ব্যাখ্যা চাওয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির সূত্রে জানা গেছে, ১২টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে অধিকাংশ স্থায়ী ক্যাম্পাসে যাওয়ার কোন ধরনের উদ্যোগই নেয়নি। বাকিরা স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি কিনেছে কিন্তু নির্মাণে কোন উদ্যোগ নেই বা শিক্ষা কার্যক্রম শুরু করেনি। এছাড়াও আরও বেশকিছু অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে। এসব কারণে তাদের শিক্ষার্থী ভর্তি কার্যক্রম বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। সচিব মোঃ সোহরাব হোসাইন জানান, এই সিদ্ধান্তের জন্য ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের কোনও ক্ষতি বা সমস্যায় পড়তে হবে না। তারা শিক্ষাজীবন অব্যাহত রাখতে পারবে। ভর্তি হওয়া বিশ্ববিদ্যালয়েই তারা লেখাপড়া করতে পারবে।

জানা গেছে, স্থায়ী ক্যাম্পাসে না যাওয়া, বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন না দেয়া, বা আইনের বিভিন্ন দিক লঙ্ঘন করা বিশ্ববিদ্যালয়গুলোর কাছেও ব্যাখ্যা চাওয়া হবে। সন্তোষজনক জবাব দিতে না পারলে মন্ত্রণালয় ও ইউজিসি থেকে পাঠানো পত্রের নির্দেশনা অনুযায়ী ওইসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। ওইসব বিশ্ববিদ্যালয়কেও কারণ দর্শানো নোটিশ দেয়া হবে।